

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 16/12/202

Time: 1.30 PM

DEO: KB

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

Desk in Charge :- Kalyan L.

Compiling :- Shuvra C.

NRT : Shuvra C.

বিশেষ বিশেষ খবর -

- ১/ ত্রিদেশীয় সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারত-জর্ডন বাণিজ্যিক ফোরামের বৈঠক করেছেন। # প্রধানমন্ত্রী বলেছেন, ডিজিট্যাল পাবলিক ইনফস্ট্রাকচার ও আই টি ক্ষেত্রে ভারত, জর্ডন-কে সবরকমের সহায়তা দেবে।
- ২/ ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ঐতিহাসিক বিজয় দিবসে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুক্তিযোদ্ধা এবং ভারতের অমর শহীদদের স্মৃতির প্রতি শন্দা জানিয়েছেন।
- ৩/ কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোকসভায় বিকশিত ‘ভারত-রোজগার ও আজীবিকা মিশন সুনিশ্চিতকরণ বিল- ২০২৫’ পেশ করেছেন।
- ৪/ পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর অঙ্গ হিসেবে খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন।
- ৫/ জম্মু কাশ্মীর সরকার, ক্রটিপূর্ণ নিয়োগের অভিযোগে আজ অগ্নি নির্বাপণ ও আপৎকালীন ব্যবস্থাপনা দপ্তরের ১০৩ জন দমকল কর্মীকে বরখাস্ত করেছে।
- ৬/ IPL-এ T-20 ক্রিকেটে মিনি নিলাম, আজ আবুধাবিতে অনুষ্ঠিত হবে।

ত্রিদেশীয় সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারত-জর্ডন বাণিজ্যিক ফোরামের বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, ডিজিট্যাল পাবলিক ইনফস্ট্রাকচার ও আই টি ক্ষেত্রে ভারত, জর্ডন-কে সবরকমের সহায়তা দেবে।

(বাইট- মোদী/ ডিজিট্যাল)

প্রধানমন্ত্রী বলেছেন, ফিনটেক, স্বাস্থ্য এবং কৃষি ক্ষেত্রে প্রযুক্তির সহায়তায় স্টার্ট আপের বিষয়ে দুই দেশের একযোগে কাজ করার সম্ভাবনা রয়েছে।

(বাইট- মোদী/ মেডিক্যাল)

আগেই জানানো হয়েছে, জর্ডনের রাজা আবদুল্লাহ বিন আল হুসেইনের আমন্ত্রণে সে দেশে পৌঁছে প্রধানমন্ত্রী গতকাল রাজা আবদুল্লার সঙ্গে এক বৈঠকে মিলিত হন। ৩৭ বছর পর কোন ভারতীয় প্রধানমন্ত্রীর সেদেশ সফর। উভয় নেতার আলোচনায় দুই দেশের কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর পূর্তির বিষয়টি উঠে আসে। এই বৈঠক দুই দেশের সম্পর্ককে এক নতুন মাত্রায় পৌঁছে দেবে বলে শ্রী মোদী আশা প্রকাশ করেন।

ত্রিদেশীয় সফরের দ্বিতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় ইথিওপিয়ার রাজধানী আদিস আবাবায় পৌঁছবেন। সে দেশের প্রধানমন্ত্রী ড: আবি আহমেদ আলির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন শ্রী মোদী। দক্ষিণ বিশ্বের দেশ হিসাবে ইথিওপিয়ায় ভারতের প্রধানমন্ত্রীর এই সফর দুই দেশের বন্ধুত্ব ও দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে বলে আশা করা হচ্ছে।

সফরকালে প্রধানমন্ত্রী ইথিওপিয়ার পার্লামেন্টে যৌথ অধিবেশনেও ভাষণ দেবেন। এছাড়া সেদেশের ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও তাঁর সাক্ষাতের কর্মসূচী রয়েছে।

তিনি দেশ সফরের চূড়ান্ত পর্যায়ে প্রধানমন্ত্রী মোদী আগামিকাল ওমানে পৌঁছবেন। সাক্ষাত করবেন সুলতান হাইথাম-বিন-তারিকের সঙ্গে। দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রীর এই সফর। এই সফরের ফলে দুই দেশের বাণিজ্য, বিনিয়োগ, শক্তি, প্রতিরক্ষা, নিরাপত্তা, কৃষি ও সংস্কৃতি সহ দ্বিপাক্ষিক সম্পর্কের অংশীদারিত্বের বিষয়ে সামগ্রিক পর্যালোচনার সুযোগ মিলবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জর্ডন সফর মূলত রাজনৈতিক, আর্থিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ বলে বিদেশ মন্ত্রক জানিয়েছে। দুদেশের কূটনৈতিক সম্পর্কের ৭৫-বছর পূর্তিতে ভারত ও উর্জনের দ্বিপাক্ষিক সম্পর্কে কোনও ভারতীয় প্রধানমন্ত্রী ৩৭ বছরে প্রথম এই সফর বিশেষ উল্লেখযোগ্য বলেও জানানো হয়েছে। দক্ষিণ-পূর্ব দেশ বিষয়ক সচীব ডঃ নীনা মালহোত্রা সাংবাদিকদের বলেন, সেদেশে প্রধানমন্ত্রীকে ‘গার্ড অফ অনার’ দিয়ে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়েছে এবং জর্ডনের নেতৃবৃন্দের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর দুই দেশের নেতা দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে মত বিনিময় করেছেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে যাবতীয় পদক্ষেপে ভারত, জর্ডনকে সমর্থন করবে বলেও স্পষ্ট জানানো হয়েছে।

(বাইট- নীনা /সন্ত্রাসবাদ ১-৩০)

পর্যটন এবং সাংস্কৃতিক ক্ষেত্রে দুদেশের মধ্যে সহযোগিতা আরও বাড়াতে পেট্রো এবং ইলোরার মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে রুপেকার্ড ব্যবহার সহ বিভিন্ন বিষয়ে সম্পত্তি সূচক পত্রের আদান-প্রদান হয়েছে। আঞ্চলিক ক্ষেত্রগুলির মধ্যে গাজা পরিস্থিতি নিয়ে প্রতিনিধি পর্যায়ের আলোচনা হয়। জর্ডনে ভারতের রাষ্ট্রদূত মণিশ চৌহান বলেছেন, পরিবহণ, রেল, পরিকাঠামো এবং মানুষে-মানুষে সম্পর্ক আরও বাড়ানোর ওপর এই সফরে আরও জোর দেওয়া হয়েছে। বিদেশ মন্ত্রকের আধিকারিকরা জানিয়েছেন, প্রধানমন্ত্রীর এই সফর বিদেশের মধ্যে বিশ্বাস এবং পারস্পরিক সমঝোতার ভিত আরও সুদৃঢ় করেছে।

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোকসভায় বিকশিত ভারত-রোজগার ও আজীবিকা মিশন সুনিশ্চিতকরণ বিল, ২০২৫ পেশ করবেন। এই বিল, ২২ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ আইন-মন্তব্যের ২০০৫-এর পরিবর্তে আনা হচ্ছে।

এই বিলটি বিকশিত ভারত ২০৪৭-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি আধুনিক বিধিবন্দন কাঠামো তৈরি করবে, যা গ্রামীণ পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের মধ্যে কার্যক শ্রমে ইচ্ছুক যুবদের প্রত্যেককে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা দেবে। এটি মনরেগার পরিকাঠামোগত সমস্যা দূরীকরণের পাশাপাশি কর্মসংস্থান, স্বচ্ছতা, পরিকল্পনা এবং জবাবদিহিতা বৃদ্ধি করবে। উৎপাদনশীল সম্পদ সৃষ্টির পাশাপাশি আয় বৃদ্ধির মাধ্যমে এই বিল গ্রামীণ অর্থনীতিকেও শক্তিশালী করবে বলে মনে করা হচ্ছে।

কেন্দ্রীয় ক্ষেত্র সুরক্ষা বিষয়ক মন্ত্রী প্রহৃত যোশী বলেছেন, বিভিন্ন রাজ্য সরকার, দু-কোটির'ও বেশী অযোগ্য রেশন কার্ড, বাতিল করেছে। রাজ্যসভায় আজ প্রশ্নেত্তর পর্বে তিনি জানান, রেশন কার্ডে নাম সংযোজন অথবা বিয়োজনের দায়িত্ব, সংশ্লিষ্ট রাজ্যের। দেশে গণ সরবরাহ ব্যবস্থায় সঠিক মানুষ যাতে রেশন পান, তার জন্য রেশন কার্ডের সঙ্গে আধার সংযুক্তির কথা বলা হয়েছিল, যার ৯৯ শতাংশই সম্পন্ন হয়েছে। সুলভ মূল্যের দোকানগুলিকেও ১০০ শতাংশ ডিজিটাইজড করা হয়েছে বলে জানান তিনি।

অন্যদিকে, লোকসভায় আজ প্রশ্নেত্তর চলাকালীন গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী কমলেশ পাসওয়ান জানিয়েছেন, ‘প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা’য় এপর্যন্ত সাত লক্ষ ৮৬ কিলোমিটারের'ও বেশী গ্রামীণ রাস্তা তৈরী হয়েছে। এর জন্য খরচ হয়েছে ৩'লক্ষ ৪৬ হাজার কোটি টাকা। তৈরী হওয়া এইসব গ্রামীণ রাস্তার মান এবং স্থায়ীত্বের ওপর নজরদারি চালাতে ত্রিস্তরীয় মান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা তৈরী করা হয়েছে। এই রাস্তাগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সরকারের।

আজ ঐতিহাসিক বিজয় দিবস। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শেষে ভারতীয় সেনা ও মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সেনার বিরুদ্ধে লড়াই করে জয় লাভ করে। মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয় স্বাধীন বাংলাদেশের। পাকিস্তানের বিরুদ্ধে সেই ঐতিহাসিক জয়ের স্মরণে প্রতিবছর এই বিজয় দিবস পালিত হয়।

রাষ্ট্রপতি ভৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রমুখ বিজয় দিবসে যে সমস্ত বীর সেনানী তাদের বীরত্ব ও আত্মত্যাগের মধ্য দিয়ে ঐতিহাসিক এই বিজয় এনে দিয়েছিলেন, তাদের স্মৃতির প্রতি শুদ্ধা জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেছেন, সেনাদের সাহস, বীরত্ব এবং মাতৃভূমির প্রতি তাঁদের অতুলনীয় নিষ্ঠা জাতিকে গর্বিত করে। তাঁদের বীরত্ব ও দেশপ্রেম দেশের মানুষকে অবিরত অনুপ্রাণিত করবে। এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, তাঁদের নিঃস্বার্থ আত্মত্যাগ ও দৃঢ় সংকল্প দেশকে গৌরবান্বিত করেছে। অসম সাহসী এই সেনানীদের বীরত্ব প্রজন্মের পর প্রজন্ম ধরে ভারতীয়দের অনুপ্রাণিত করেছে।

বিজয় দিবস উপলক্ষে আজ নতুন দিন্তিতে জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং পুষ্পস্তবক অর্পণ করেন। তাঁর সঙ্গে ছিলেন চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, বায়ুসেনা প্রধান এয়ার চিফ মার্শাল এ পি সিং এবং নৌসেনা প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠি।

রাজ্যসভাও আজ ৫৪-তম বিজয় দিবস উপলক্ষ্যে বীর সেনানীদের প্রতি শুদ্ধা নিবেদন করেছে। সকাল ১১টায় অধিবেশন শুরু হলে রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন ভারতের অসমসাহসী সশস্ত্র বাহিনীর বীরত্ব ও সংকল্পকে স্যালুট জানান। তিনি বলেন, এই যুদ্ধের ফলে একটি স্বাধীন জাতি হিসেবে বাংলাদেশের জন্ম হয়েছিল। শ্রী রাধাকৃষ্ণন বলেন, এই জয় ন্যায়বিচার, মানবিক মর্যাদা এবং সে-দেশের স্বাধীনতার প্রতি ভারতের অটল অঙ্গীকারকে নিশ্চিত করেছে। দেশের সশস্ত্র বাহিনীর সাহস ও বীরত্বের উত্তরাধিকার জাতির সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষার সম্মিলিত সংকল্পে জনগণকে পথ দেখাবে বলে উপরাষ্ট্রপতি আশা প্রকাশ করেন।

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় নিবিড় সংশোধনীর অঙ্গ হিসেবে খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। খসড়া তালিকা থেকে প্রাথমিকভাবে ৫৮ লক্ষেরও বেশি নাম বাদ গিয়েছে। ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে কোনও রকম সংযোগ বের করা যায়নি এমন ভোটারের সংখ্যা ৩০ লক্ষ। কি কি কারণে, নাম বাদ গেল, তার কারণও উল্লেখ

করা রয়েছে খসড়া ভোটার তালিকায়। নামের পাশে হয় মৃত, নয়ত অনুপস্থিত, অথবা ডুপ্লিকেট, এমন কারণের উল্লেখ রয়েছে।

এই রাজ্যেই প্রথম বাদ পড়া নামের তালিকার পাশাপাশি বাদ দেওয়ার কারণ প্রকাশ করা হয়েছে। তবে এই সংক্রান্ত কোনও অসঙ্গতি চোখে পড়লে BLO-কে গিয়ে জানানো যাবে। কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কেন 'অনুপস্থিত' লেখা রয়েছে, সেই প্রশ্নও তোলা যাবে। অনুপস্থিত থাকলে সেকথাও জানানো যাবে। নিজের পরিবার, প্রতিবেশী বা পরিচিত কেউ যদি মারা গিয়ে থাকেন, তার পরও যদি সেই ব্যক্তির নাম ভোটার তালিকায় থাকে, সেক্ষেত্রেও অভিযোগ জানানো যাবে। খসড়া তালিকায় নিখোঁজ ভোটারের সংখ্যা ১২ লক্ষ ২০ হাজার ৩৮। মৃত ভোটার ২৪ লক্ষ ১৬ হাজার ৮৫২। স্থানান্তরিত ভোটারের সংখ্যা ১৯ লক্ষ ৮৮ হাজার ৭৬। খসড়া তালিকায় ভুয়ো ভোটারের সংখ্যা ১ লক্ষ ৩৮ হাজার ৩২৮। কমিশন জানিয়েছে, খসড়া তালিকায় নাম না থাকলে, অর্থাৎ বাদ যাওয়ার তালিকায় নাম থাকলে দুশ্চিন্তার কোনও কারণ নেই। তালিকা সংক্রান্ত যাবতীয় অভিযোগ জানানো যাবে ১৫-ই জানুয়ারি পর্যন্ত। প্রয়োজনে সংশ্লিষ্ট ভোটারকে শুনানিতে ডাকা হবে। ১৬-ই ডিসেম্বর থেকে ৭-ই ফেব্রুয়ারি পর্যন্ত শুনানি এবং ভেরিফিকেশন চলবে। ১৪-ই ফেব্রুয়ারি প্রকাশ করা হবে চূড়ান্ত ভোটার তালিকা।

নির্বাচনের কমিশনের অ্যাপ ও voters.eci.gov.in এই ওয়েবসাইটে খসড়া ভোটার তালিকা পাওয়া যাচ্ছে। কমিশনের অ্যাপ ECINET-এও প্রকাশিত হয়েছে খসড়া ভোটার তালিকা।

জম্বু কাশ্মীর সরকার, আজ অগ্নি নির্বাপণ ও আপৎকালীন ব্যবস্থা দপ্তরের ১০৩ জন দমকল কর্মীকে বরখাস্ত করেছে। ২০২০ সালে এই দপ্তরে ত্রুটিপূর্ণ নিয়োগের অভিযোগের তদন্তের পর সরকার এদের বরখাস্ত করার সিদ্ধান্ত নেয়।

জম্বুর আকাশবাণী সংবাদদাতা জানাচ্ছেন, পরীক্ষা সংক্রান্ত রেকর্ডে এবং ফলাফলে কারচুপির কারণে এই নিয়োগ সম্পূর্ণ অবৈধ বলে সরকারি নির্দেশিকায় জানানো হয়েছে। রাজ্যের দুর্নীতি দমন শাখা এবিষয়ে তদন্তের জন্য একটি কমিটি গঠন করেছিল।

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ- IPL-এর T-20 ক্রিকেটের মিনি নিলাম, আজ আবু ধাবিতে অনুষ্ঠিত হবে। ১১০ জন বিদেশী সহ মোট ৩৫০ জন ক্রিকেটার নিলামে সামিল হবেন। সর্বোচ্চ দু'কোটি টাকা প্রাথমিক দর থাকছে চল্লিশ জন ক্রিকেটারের। এর মধ্যে ভারতের দু'জন ভেঙ্কটেশ আয়ার ও রবি বিষ্ণোই রয়েছেন। গত মরশুমের ক্রিকেটারদের অনেককে ছেড়ে দেওয়ার পর ফ্রানচাইচাজিগুলির কাছে ৩১ জন বিদেশীসহ মোট ৭৭ জনকে ১০ টি দলে নেওয়া যাবে।

নিলামে বাংলার ৮ জন ক্রিকেটার আছেন। তাঁরা হলেন আকাশদীপ, করণলাল, রবি কুমার, ঈশান পোড়েল, ব্রিজেশ শর্মা, শ্রেয়ান চক্ৰবৰ্তী, সায়ন ঘোষ, সৈয়দ ইরফান আফতাব।
